

🔳 আল-বাকারা | Al-Baqara | ٱلْبَقَرَة

আয়াতঃ ২ : ১১৯

া আরবি মূল আয়াত:

إِنَّا أَرسَلنَكَ بِالْحَقِّ بَشِيرًا قَ نَذِيرًا قَ لَا تُسئِّلُ عَن أَصحٰبِ الْجَحِيمِ

নিশ্চয় আমি তোমাকে প্রেরণ করেছি সত্যসহ, সুসংবাদদাতা ও সতর্ককারীরূপে এবং তোমাকে আগুনের অধিবাসীদের সম্পর্কে প্রশ্ন করা হবে না। — আল-বায়ান

আমি তোমাকে সত্যদ্বীনসহ সুসংবাদদাতা এবং ভয় প্রদর্শনকারী হিসেবে প্রেরণ করেছি, জাহান্নামীদের সম্বন্ধে তোমাকে কোন প্রশ্ন করা হবে না। — তাইসিক্রল

নিশ্চয়ই আমি তোমাকে সত্যসহ সুসংবাদদাতা ও ভয় প্রদর্শক রূপে প্রেরণ করেছি এবং তুমি জাহান্নামবাসীদের সম্বন্ধে জিজ্ঞাসিত হবেনা। — মুজিবুর রহমান

Indeed, We have sent you, [O Muhammad], with the truth as a bringer of good tidings and a warner, and you will not be asked about the companions of Hellfire. — Sahih International

১১৯. নিশ্চয় আমরা আপনাকে পাঠিয়েছি সত্যসহ সুসংবাদদাতা সতর্ককারীরূপে(১) আর জাহান্নামীদের সম্পর্কে আপনাকে কোন প্রশ্ন করা হবে না।

(১) এখানে রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লামকে তিনটি গুরুত্বপূর্ণ গুণে ভূষিত করা হয়েছে। প্রথম. 'আলমুরসাল বিল হক্ক' বা যথাযথভাবে প্রেরিত আল্লাহ্ তা'আলা স্বয়ং তার রাসূল প্রেরণের উপর সাক্ষী হচ্ছেন যে, তিনি তাকে যথাযথভাবে হক সহ প্রেরণ করেছেন। দ্বিতীয় গুণ হচ্ছে, তিনি বাশীর বা সুসংবাদ প্রদানকারী। তিনি নেককারদের জন্য জান্নতেরসুসংবাদ প্রদানকারী। তৃতীয় গুণ হচ্ছে, তিনি নাযীর বা ভীতি প্রদর্শনকারী। যারা তার অবাধ্য হবে তারা জাহান্নামবাসী হবে এ ভীতিপ্রদ সংবাদ তিনি সবাইকে প্রদান করেছেন। পবিত্র কুরআনের অন্যত্রও রাস্লুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লামকে অনুরূপ গুণে গুণান্বিত করা হয়েছে। যেমন বলা হয়েছে, (وَمَا أَرْسَلْنَاكَ إِلَّا مُبَشِّرًا وَنَذِيرًا) সূরা আল-ইসরা: ১০৫, আল-ফুরকান: ৫৬] আরও বলা হয়েছে, (إِنَّا أَرْسَلْنَاكَ بِالْحَقِّ بَشِيرًا وَنَذِيرًا) সূরা ফাতির: ২৪] অন্যত্র বলা হয়েছে, (اإِنَّا أَرْسَلْنَا إِلْيَكُمْ رَسُولًا شَاهِدًا عَلَيْكُمْ رَسُولًا شَاهِدًا عَلَيْكُمْ وَسُولًا مَا وَتَعَالَا عَلَيْكُمْ وَسُولًا وَقَالًا وَتَعَالَا الْمَاهِدَا وَلَا الْمَاهِدَا وَلَا الْمَاهَا وَقَالَا وَقَالَا وَتَعَالَا وَقَالَا وَتَعَالَا وَقَالَا وَتَعَالْلَاسُ وَلَا وَقَالَا وَقَالَا وَلَا وَقَالَا وَقَالَا وَقَالَا وَلَا الْمَاهِا وَلَا اللَّلَا وَلَا أَنْ أَنْ أَلْ الْمَاهِا وَلَا أَنْ وَلَا أَنْ الْمَاهِا وَلَا أَنْ الْمَاهِا وَلَا أَنْ الْمَاهِا وَلَا أَنْ أَنْ الللَّاسُولُو وَلَا أَلْمَاسُ وَالْمَاهِا وَلَا أَنْ الْمُعْلَالِيْكُمْ وَسُولًا الْمَاهِا وَلَا أَنْ الْمَاهِا وَلَا أَنْ الْمَاهِا وَلَا أَنْ الْمَاهِا وَلَا الْمَاهِا وَلَا الْمَاهِا وَلَا الْمَاهِا وَلَا الْمَاهِا وَلَا الْمَاهَا وَلَا الْمَاهِا وَلَا الْمَاهِا وَلَا الْمَاهِا وَلَا الْمَاهِ



মুসনাদে আহমাদ: ২/১৭৪]

তাফসীরে জাকারিয়া

১১৯। আমি তোমাকে সত্যসহ শুভ সংবাদদাতা ও সতর্ককারীরূপে প্রেরণ করেছি। জাহান্নামীদের সম্পর্কে তোমাকে কোন প্রশ্ন করা হবে না।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=126

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন